

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৮.২০-২৮৬

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ২৮৩/২০২০ (রিট পিটিশন নং- ৫৪৬৯/২০১৪ হতে উদ্ভূত) মামলার আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার লালপুর উপজেলাধীন উধনপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ বেলাল হোসেন তাঁর প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর এমপিও ভুক্তির পূর্বর বকেয়া বেতন-ভাতাদি সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫৪৬৯/২০১৪ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৫৪৬৯/২০১৪ মামলায় গত ১১/০৯/২০১৪ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন;

“The respondent concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fullfills the requirements as stipulated in the “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষা ও কর্মচারীদের বেতন-ভাতাদি সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা” ২০১০, (in short, the Janabal Kathamo, 2010), within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.”

২। মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট নং-২৮৩/২০২০ মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকাসহ মোট ০৩ (তিন) জন-কে বিবাদী করা হয়েছে। বিগত ১১/১০/২০২০ তারিখ অথবা তার পূর্বে জবাব দাখিল করার জন্য রুলনিশি জারি করা হয়েছে। এ ব্যাপারে কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কি না তা জানা প্রয়োজন।

(ক) কনটেম্পট পিটিশন নং- ২৮৩/২০২০ (রিট পিটিশন নং- ৫৪৬৯/২০১৪ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা;

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা; এবং

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

৩। এমতাবস্থায় উক্ত কনটেম্পট পিটিশন নং- ২৮৩/২০২০ এর মামলার বিষয়ে উপরোক্ত কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল: salimsikder20@yahoo.com

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৮.২০-২৮৬/১(৪)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব